



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বাগেরহাট।



দূরালাপনী : অফিসঃ ০৪৬৮-৬২৫৮৮
E-mail: raobagerhat@krishibank.org.bd

আনিকাবা/প্রশাসন-৪৫/২০২২-২০২৩/১৬

তারিখ : ২২/১২/২০২২ ইং

**বিষয়ঃ অক্টোবর ২০২২ হতে ডিসেম্বর ২০২২ সময়কালের অর্থবছরের ২য় প্রান্তিকের
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব রেজা মোহাম্মদ আলী আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাগেরহাট।
তারিখ ও সময় : ২২ ডিসেম্বর ২০২২, বিকাল ৪.৩০ ঘটিকা।
স্থান : আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাগেরহাট।
উপস্থিতি : প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।
সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থবছরের ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন পর্যালোচনা করেন।

০২। সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শেখ সোহারব হোসেন, উর্ধ্বতন কর্মকর্তা এর পরিচালনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ২০২২-২০২৩ অর্থবছরের ২য় প্রান্তিকের সভা অনুষ্ঠিত হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- ৩.১) প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ হতে সময়ে সময়ে চাহিত বিভিন্ন প্রতিবেদনসমূহ যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩.২) করোনা মহামারী রোধকল্পে সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কর্মসূচি যথাযথ ব্যক্তি ও খাত চিহ্নিত পূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.৩) আসন্ন অর্ধবার্ষিক হিসাব সমাপনী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে হবে।
- ৩.৪) কার্যালয়সমূহের সকল কর্মকর্তা-কর্মচারী যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলবে, একই সাথে আগত সকল সেবা প্রত্যাশীগণ স্বাস্থ্যবিধি পালন করছেন কিনা তা নিশ্চিত করতে হবে।
- ৩.৫) গ্রাহক সেবা নিশ্চিতকল্পে আরো দ্রুততা ও বুদ্ধিমত্তা প্রদর্শন করতে হবে।
- ৩.৬) ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কাজ হতে বিরত থাকতে হবে।
- ৩.৭) ১ম প্রান্তিকে সভার সিদ্ধান্তসমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।
- ৩.৮) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ৩য় ত্রৈমাসিক সভায় উপস্থাপন করতে হবে।
- ৩.৯) ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র কার্যালয় পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বিকেবি আঞ্চলিক নিরীক্ষাকার্যালয়, বাগেরহাট